



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড MEGHNA LIFE INSURANCE CO. LTD.

Dev Admin. Notice

সূত্র : এমএলআই/প্রকাশ/প্রশাস/১১৬/২০২১/৯৫

২২ জুন ২০২১

সাকুলার

বিষয় : ২০২১ সনের ঈদ-উল-আযহা উপলক্ষে উৎসব বোনাস প্রদান প্রসঙ্গে।

কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর প্রধান কার্যালয়সহ একক বীমা, লোকবীমা ও ইসলামী বীমা (তাকাফুল) ডিভিশন এর সকল অফিসসমূহে কর্মরত স্থায়ী/অস্থায়ী/চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদেরকে আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে নিম্নোবর্ণিত শর্তসাপেক্ষে উৎসব বোনাস প্রদান করার নির্দেশনা দেয়া হলো :

- (ক) যে সকল স্টাফ ও অফিসারদের চাকরি স্থায়ীকরণ করা হয়েছে এবং বেতন স্কেল দেয়া হয়েছে তারা চলতি মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ অর্থাৎ এক মাসের মূল বেতন বোনাস হিসেবে পাবেন। চুক্তিভিত্তিক চাকরিতে নিয়োজিতদের ক্ষেত্রে যাদের খোক বেতন split করা হয়েছে তারা মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং যাদের বেতন split করা হয় নাই তারা খোক বেতনের ৫০% অর্থ বোনাস হিসেবে পাবেন।
- (খ) যে সকল স্টাফ ও অফিসারদের শিক্ষানবিসকাল বা নিয়োগের মেয়াদ ৩০/০৬/২০২১ তারিখে অন্ততঃ ৬ (ছয়) মাস পূর্ণ হবে অথবা যাদের শিক্ষানবিসকাল শেষ হবে কিন্তু এখনো চাকরি স্থায়ী করা হয় নাই তাদের কনসলিডেটেড বেতনের ৫০% মূল বেতন হিসেবে ধরা হবে এবং সেই পরিমাণ অর্থ বোনাস হিসেবে প্রদান করা হবে।
- (গ) যে সকল স্টাফ ও অফিসারদের শিক্ষানবিসকাল বা নিয়োগের মেয়াদ ৩০/০৬/২০২১ তারিখে ৬ (ছয়) মাসের কম এবং ৩০/০৬/২০২১ পর্যন্ত ন্যূনতম ১ (এক) মাস পূর্ণ হবে, তারা তাদের বর্তমান মাসিক খোক বেতনের ২৫% উৎসব বোনাস হিসেবে পাবেন।
- (ঘ) ড্রাইভারদের নিয়োগের মেয়াদ ৩০/০৬/২০২১ তারিখে অন্ততঃ ৬ (ছয়) মাস হবে তাদের কনসলিডেটেড বেতনের ৫০% মূল বেতন হিসেবে ধরা হবে এবং সেই পরিমাণ অর্থ তারা বোনাস হিসেবে পাবেন।
- (ঙ) ড্রাইভারদের নিয়োগের মেয়াদ ৩০/০৬/২০২১ তারিখে ৬ (ছয়) মাসের কম এবং ৩০/০৬/২০২১ পর্যন্ত ন্যূনতম ১ (এক) মাস পূর্ণ হবে, তারা তাদের বর্তমান মাসিক খোক বেতনের ২৫% উৎসব বোনাস হিসেবে পাবেন।
- (চ) দৈনিক ভিত্তিতে নিয়োজিত কোন স্টাফ উৎসব বোনাস পাবেন না।

চলমান পাতা-২



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

MEGHNA LIFE INSURANCE CO. LTD.

Dev Admin. Notice

পাতা-২

বিষয় : ২০২১ সনের ঈদ-উল-আযহা উপলক্ষে উৎসব বোনাস প্রদান প্রসঙ্গে।

- (ছ) ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত কোম্পানীতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ সার্कुলায়ের অন্য সকল শর্ত পূরণ করা সাপেক্ষে বোনাস প্রাপ্য হবেন। কেউ দীর্ঘদিন (১৫ দিনের অতিরিক্ত)/অননুমোদিত অনুপস্থিত থাকলে তার উৎসব বোনাস প্রদান স্থগিত থাকবে। এ বিষয়ে কর্তৃপক্ষের পৃথক অনুমোদন গ্রহণ করতে হবে। সাময়িক বরখাস্তাধীন কর্মকর্তা/কর্মচারীগণ বোরাকী ভাতার সমপরিমান (অর্থাৎ মূল বেতনের ৫০%) বোনাস পাবেন।
- (জ) সকল স্টাফ ও অফিসারদের অনুকূলে সংশ্লিষ্ট বেতন প্রদানকারী কর্মকর্তা এই বোনাস ০৫/০৭/২০২১ তারিখ হতে প্রদান করবেন।


স্বাঃ/
এন. সি. রুদ্র
মুখ্য নির্বাহী কর্মকর্তা

বিতরণ :

সকল জোনাল অফিস/সিএসসি,
একক বীমা/লোকবীমা/ইসলামী বীমা (তাকাফুল) ডিভিশন,
মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোং লিঃ,
প্রধান কার্যালয়, ঢাকা, বাংলাদেশ।

অনুলিপিঃ

০১। চেয়ারম্যান, ০২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ০৩। অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, ০৪। ডিএমডি এন্ড সিএফও,
০৫। সকল ডিএমডি, প্রকোঃ, ০৬। সকল ইডি/জেইডি, প্রকোঃ, ০৭। ইডি (আইটি), সকল জোনাল অফিস ও
সিএসসিতে অনলাইনের মাধ্যমে প্রেরণ করা যেতে পারে, ০৮। কোম্পানী সেক্রেটারী, ০৯। জিএম-প্রশাসন, প্রকোঃ,
১০। সকল সিনিয়র ডিএম/ডিএম/সিনিয়রএজিএম/এজিএম, প্রকোঃ, ১১। সকল সেকশন ইনচার্জ, প্রকোঃ-একক
/লোক/ইবীতা, ১২। ফাইল, ১৩। মাস্টার ফাইল।


এন. সি. রুদ্র
মুখ্য নির্বাহী কর্মকর্তা